NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-832**

বিষয়: **শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করা**

শ্রেণি: **শিক্ষার্থী**

ইস্যুর তারিখ: **07 অক্টোবর, 2021**

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 23 অক্টোবর, 2019 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-832 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়। এই প্রবিধান শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করার অভিযোগ দায়ের, তদন্ত এবং মীমাংসার পদ্ধতি প্রতিষ্ঠা করে।

<u>পরিবর্তনসমূহ</u>

- যুক্ত করে যে, অনলাইন শিক্ষায় থাকাকালে শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, হুমকি এবং/অথবা বুলি করা নিষিদ্ধ। (সারসংক্ষেপ, সেকশন I.A)
- চ্যান্সেলরের প্রবিধান A-830, সংজ্ঞা সেকশনে চ্যান্সেলরের প্রবিধানের অধীনে নিষিদ্ধ আচরণের সংজ্ঞার সাথে একটি সূত্র সংযুক্ত করে, যা ভূতপূর্ব সংযুক্তি নং 1-এর স্থলাভিষিক্ত হয়। (সেকশন I.D)
- হয়রানি ও বুলি-এর সংজ্ঞাতে উদাহরণ যুক্ত করে। (সেকশন I.E)
- ইলেক্ট্রনিকভাবে যোগাযোগের প্রকৃতিসমূহের তালিকায় উদাহরণ হিসেবে টেক্সট এবং অ্যাপ-কে অন্তর্ভুক্ত করে। (সেকশন I.F.1)
- যেসব কর্মচারী II.C-এ প্রতিষ্ঠিত নিয়মের অধীনে একটি রিপোর্ট করতে ব্যর্থ হন, তাদের সম্পর্কে একটি ধারা যুক্ত করে। (সেকশন II.D)
- যুক্ত করে যে টাইটেল IX কোঅর্ডিনেটর অভিযুক্ত শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে লিঙ্গ-ভিত্তিক ঘটনার রিপোর্ট গ্রহণ করতে পারেন। (সেকশন II.E)
- “অনুসন্ধানমূলক ফাইল-এ” কথাটি অপসারণ করে। (সেকশন II.J)
- যখনি কোনো রিপোর্ট পাওয়া যায়, তখন অভিযোগ নিয়ে বিবদমান পক্ষ সমূহের পিতামাতাদেরকে যে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি সুপারিশ প্রদান করেন, সে বিষয়ে সেকশন II.L-এ তথ্য যুক্ত করে। (সেকশন II.L)
- চ্যান্সেলরের প্রবিধান A-412-এ একটি সূত্র যুক্ত করে এবং "বরো/সিটিওয়াইড অফিস ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেস" এর স্থলে "বরো সেফটি ডিরেক্টর" প্রতিস্থাপন করে। (সেকশন II.M)
- সাক্ষীর বিবৃতিতে “সংগ্রহ করা” বদলিয়ে “তাদেরকে প্রস্তুত করার অনুরোধ" করে। (সেকশন III.A.5)
- যুক্ত করে যে OORS রিপোর্টের একটি কপি অবশ্যই বরো/সিটিওয়াইড অফিস, ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেস, এবং টাইটেল IX লিঙ্গ-ভিত্তিক আচরণ কোঅর্ডিনেটর-এর কাছে লভ্য রাখতে হবে। (সেকশন III.E)

- হস্তক্ষেপ বা সহায়তা সহায়তা হিসেবে একটি ইন-স্কুল বা আউট-অভ-স্কুল মেডিক্যাল সার্ভিস (স্কুলে বা স্কুলের বাইরে চিকিৎসা পরিষেবা)-এর প্রসঙ্গ যুক্ত করে, এবং ব্যাখ্যা দেয় যে, স্কুলের সোশ্যাল ওয়ার্কার, গাইডেন্স কাউন্সিলার, সাইকোলজিস্ট, কিংবা আপর কোনো উপযুক্ত স্কুল স্টাফের কাছে সুপারিশ করে পাঠানর হলো "তত্ত্বাবধানমূলক হস্তক্ষেপ" (গাইডেন্স ইন্টারভেনশন)-এর উদাহরণ। (সেকশন IV.B)
- যে পরিস্থিতিতে স্কুলের স্টাফ বিশ্বাস করেন যে কোনো ঘটনার পরবর্তী পদক্ষেপ হিসেবে শিক্ষার্থীর ইন্ডিভিজুয়েলাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) বা সেকশন 504 প্ল্যান সংশোধন করা, তাহলে করণীয় কী হবে, সে ব্যাপারে তথ্য যুক্ত করে। (সেকশন IV.C)
- ব্যাখ্যা করে যে অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট (OSYD)-এর তৈরি সবার প্রতি শ্রদ্ধা (রেসপেক্ট ফর অল) পোস্টার "স্পষ্টভাবে সেঁটে দেওয়া" বলতে বুঝায় "শিক্ষার্থী, পিতামাতা, এবং স্টাফদের কাছে সহজেই চোখের পড়ার মতো একটা স্থানে", এবং যুক্ত করে যে স্কুলগুলোকে সর্বতো উদ্যোগ নিতে হবে যাতে এই তথ্য যথাসম্ভব শিক্ষা বছরের শুরুতে পোস্ট করা হয়। (সেকশন V.A)
- যুক্ত করে যে প্রতিটি স্কুলকে অবশ্যই বছর বছর OSYD-এর প্রস্তুত করা লিখিত সামগ্রী বিতরণ করতে হবে, এবং সেসব সামগ্রীতে অন্তর্ভুক্ত করতে হবে পিতামাতাগণ বাড়তি সহায়তার জন্য স্কুলের বাইরে যাদের সাথে যোগাযোগ করতে পারেন, তাদের তথ্য। (সেকশন V.B)
- যুক্ত করে যে প্রত্যেক প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে সর্বোচ্চ প্রচেষ্টা নিয়োগ করতে হবে RFA লিয়াজোঁ-এর নাম ও যোগাযোগের তথ্য শিক্ষার্থী ও পিতামাতাদের কাছে শিক্ষা বছরের শুরুতে যত শীঘ্র সম্ভব প্রদানের জন্য। (সেকশন V.C)
- সকল প্রিন্সিপ্যালকে অবশ্যই হালনাগাদকৃত তথ্য তাদের বার্ষিক কনসলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট প্ল্যান-এ জমা দিতে হবে। (সেকশন VI)
- গোপনীয়তা সম্পর্কিত সেকশন VII-এ “including providing supports and interventions” (সহায়তা এবং হস্তক্ষেপ প্রদানসহ) যুক্ত করে।
- সেকশন VIII হিসেবে “Alternate Reporting Procedure” (বিকল্প অভিযোগ পদ্ধতি) যুক্ত করে।
- সর্বত্র চ্যান্সেলরের প্রবিধানের সংযোগসূত্র প্রদানের জন্য হাইপারলিংক (hyperlink) যুক্ত করে।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-832**

বিষয়: **শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করা**

শ্রেণি: **শিক্ষার্থী**

ইস্যুর তারিখ: **07 অক্টোবর, 2021**

**সারসংক্ষেপ**

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নীতি হচ্ছে একটি নিরাপদ ও শিখন সহায়ক পরিবেশ বজায় রাখা যা জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন অগ্রাধিকার, প্রতিবন্ধিতা, অথবা ওজনের ভিত্তিতে শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীর বিরুদ্ধে পক্ষপাতদুষ্ট হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা নিগ্রহ মুক্ত। এ ধরনের বৈষম্য, হয়রানী, ভয়ভীতি প্রদর্শন এবং বুলিং স্কুলে, স্কুল চলাকালে, অনলইন শিক্ষণকালে, স্কুলের আগে বা স্কুলের পরে, স্কুলের সম্পত্তিতে থাকা অবস্থায়, স্কুল পৃষ্ঠপোষিত অনুষ্ঠানমসূহে, ডিপার্টমেন্ট অভ এডুকেশন অর্থায়িত যানবাহনে ভ্রমণের সময়ে অথবা স্কুলের সম্পত্তির বাইরে সংঘটিত হলে, এগুলো শিক্ষা প্রক্রিয়ায় বিঘ্ন ঘটায় বা স্পষ্টত বিঘ্ন ঘটাবে অথবা স্কুল কমিউনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নীতিকতা, বা কল্যাণকে বিপদাপন্ন করে বা স্পষ্টত বিপদাপন্ন করবে বলে নিষিদ্ধ এবং তা মেনে নেওয়া হবে না। এই প্রবিধান শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং-এর ঘটনা রিপোর্ট, তদন্ত, বিজ্ঞপ্তি প্রদান এবং পরিবর্তি খোঁজ-খবর রাখার পদ্ধতি নির্ধারণ করে। যেসব শিক্ষার্থী নিষিদ্ধ আচরণে লিপ্ত হয়েছে যাতে এই প্রবিধান লঙ্ঘন হয়, তারা 'সিটিওয়াইড বিহেভিওরাল এক্সপেকটেশন্স টু সাপোর্ট স্টুডেন্ট লারনিং' ("ডিসিপ্লিন কোড") এবং চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী যথাযথ, সামঞ্জস্যপূর্ণ হস্তক্ষেপ ও শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হতে হবে। যারা ক্ষতিগ্রস্ত ও সাক্ষী, তারা প্রয়োজনীয় হস্তক্ষেপ ও সহায়তা লাভ করবে। সতীর্থ যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগের জন্য, অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান A-831 দেখুন।

## I. নীতি

A. DOE-এর নীতি হচ্ছে এমন একটি নিরাপদ ও সহায়ক শিখন ও শিক্ষা পরিবেশ বজায় রাখা যা শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভয়ভীতি এবং/অথবা বুলিং থেকে মুক্ত। বৈষম্য, হয়রানি, ভয়ভীতি এবং/অথবা বুলিং স্কুলে, স্কুলের সীমানার ভিতরে থাকাকালে, স্কুলের সময়, অনলাইন

শিক্ষণকালে, স্কুলে আগে ও পরে, স্কুলের পৃষ্ঠপোষকতায় আয়োজিত অনুষ্ঠানে, কিংবা DOE অর্থায়িত যানবাহনে ভ্রমণকালে নিষিদ্ধ। এ ধরনের আচরণ স্কুলসীমানার বাইরেও নিষিদ্ধ কারণ এ ধরনের আচরণ শিক্ষা প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটায় বা স্পষ্টত ব্যাঘাত ঘটাবে কিংবা স্কুল কম্যুনিটির স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা বা কল্যাণ বিপদগ্রস্ত করে বা স্পষ্টত বিপদগ্রস্ত করবে।

B. DOE-র এই নীতি হলো শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীকে বৈষম্যকরণ, হয়রানি, ভীতি-প্রদর্শন এবং/অথবা বুলিইং-এর অভিযোগের ঘটনা সদিচ্ছায় রিপোর্ট করা বা তাতে অংশগ্রহণের জন্য কোন শিক্ষার্থী, পিতামাতা, অথবা DOE কর্মীর বিরুদ্ধে প্রতিশোধমূলক আচরণ নিষেধ করা। কোনো ধরনের সুরক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণের কারণে কোনো ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থাগ্রহণ প্রতিশোধমূলক বলে বিবেচিত। প্রতিশোধের ঘটনার অভিযোগ তদন্ত করা হবে এবং সাক্ষ্য-প্রমাণ দ্বারা সমর্থিত হলে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। এই প্রবিধানে যখনই "পিতামাতা" শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর অর্থ হচ্ছে শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক(গণ), শিক্ষার্থীর সঙ্গে পিতামাতা বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি(বর্গ), অথবা শিক্ষার্থী নিজে, যদি সে শিক্ষার্থী স্বাবলম্বী নাবালক অথবা 18 বছর বয়সী হয়ে থাকে।

C. কোনো শিক্ষার্থীকে অপর কোনো শিক্ষার্থীর হয়রানি, ভয়ভীতি প্রদর্শন বা বুলি করা এই প্রবিধানের লঙ্ঘন।

D. প্রকৃত বা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/ অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা বা ওজনের ভিত্তিতে এক শিক্ষার্থীর দ্বারা অপরি শিক্ষার্থীকে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করা এই প্রবিধানের লঙ্ঘন। See এই প্রবিধান অনুযায়ী নিষিদ্ধ আচরণের সংজ্ঞা জানতে হলে চ্যান্সেলরের প্রবিধান A-830 (সংজ্ঞার সেকশন https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-830) দেখুন।

E. হয়রানি ও বুলি হলো আচরণ বা সাইবারবুলিসহ হুমকি, ভয়ভীতি, কিংবা নির্যাতন করার মাধ্যমে অন্য শিক্ষার্থীর জন্য ভীতিকর স্কুল পরিবেশের সৃষ্টি, যাতে হয়:

1. কার্যকারণহীনভাবে এবং উল্লেখযোগ্যভাবে কোনো শিক্ষার্থীর শিক্ষায়তনিক কার্যসম্পাদনা, সুযোগসুবিধা, কিংবা একটি শিক্ষাগত প্রোগ্রামে অংশগ্রহণের সক্ষমতায় (যেমন শিক্ষার্থী নিয়মিত ক্লাসে উপস্থিত থাকে না; শিক্ষার্থীর শিক্ষায়তনিক কার্যসম্পাদনা বা ক্লাসের কার্যসম্পাদনা পরিবর্তিত হয়ে যাওয়া), স্কুলের স্পন্সর করা কর্মকাণ্ড বা শিক্ষার্থীর শিক্ষার অপর কোনো দিক দিয়ে (যেমন শিক্ষার্থী আর কোনো পাঠ্যক্রম-বহির্ভূত কর্মকাণ্ডে নিয়মিতভাবে অংশগ্রহণ করে না অংশগ্রহণ পরিবর্তিত হয়ে যাওয়া) ক্ষতি করে বা করতে পারে; না হয়
2. অকারণপ্রসূত এবং উল্লেখযোগ্যভাবে কোনো শিক্ষার্থীর মানসিক, আবেগজনিত, কিংবা শারীরিক সুস্থতা (যেমন স্কুলে শিক্ষার্থীর আচরণকে প্রভাবিত করা; শিক্ষার্থীর গুটিয়ে যাওয়া বা নিজেকে

বিচ্ছিন্ন করে ফেলা; শিক্ষার্থীকে দুর্ভাবনাগ্রস্ত, মানসিক চাপযুক্ত বা অমনোযোগি দেখানো) বাধাগ্রস্থ করেছে বা করতে পারে; না হয়

3. কোনো শিক্ষার্থীর শারীরিক নিরাপত্তার জন্য ভীতি (যেমন শিক্ষার্থী নিজে এবং/অথবা অপর শিক্ষার্থী বা স্টাফ শিক্ষার্থীটির নিরাপত্তার ব্যাপারে তাদের উদ্বেগ প্রকাশ করেছেন) সৃষ্টির যুক্তিসঙ্গত কারণ সৃষ্টি করে থাকলে বা যুক্তিসঙ্গত কারণ সৃষ্টি করতে পারে বলে আশঙ্কা করা হলে; না হয়
4. শিক্ষার্থীর শারীরিক আঘাত বা মানসিক ক্ষতির যৌক্তিক কারণ রয়েছে বা কারণ হবে বলে ধারণা করা হয়।

শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর হয়রানিমূলক এবং বুলিং আচরণের মধ্যে আছে প্রকৃত বা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/ অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা বা ওজনের ভিত্তিতে বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করা, তবে তা এগুলোর মধ্যে সীমাবদ্ধ নয়।

F. শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিং নানা ধরনের এবং শারীরিক, অনুচ্চারিত, মৌখিক অথবা লিখিত হতে পারে। এটি একটি ঘটনায় কিংবা ধারাবাহিক সম্পর্কযুক্ত ঘটনায় সংঘটিত হতে পারে।

1. ইলেক্ট্রনিকভাবে যোগাযোগের মাধ্যমে করা বৈষম্যকরণ, হয়রানি, ভীতি প্রদর্শন এবং/অথবা বুলি বলতে বুঝায় নিম্নলিখিত যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে সম্পাদিত বুলি করা, তবে তা শুধু এখানে উল্লিখিতগুলোতে সীমাবদ্ধ নয়: ইন্টারনেট, সেলফোন, ইমেইল, পার্সোনাল ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট হ্যান্ডহেল্ড ডিভাইস, সোশাল মিডিয়া; ব্লগ; টেক্সটিং; অ্যাপস্; চ্যাট রুম; এবং গেমিং সিস্টেম।

2. শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর বৈষম্যকরণ, হয়রানি, হুমকি এবং/অথবা বুলি করার মধ্যে আছে নিম্নলিখিতগুলো, তবে তা এগুলোর মধ্যেই সীমিত নয়:

- শারীরিক সহিংসতা;
- উত্যক্ত করা;
- হুমকি দেয়া, বিদ্রূপ করা, জ্বালাতন করা;
- আগ্রাসী অথবা ভীতিকর অঙ্গভঙ্গি;
- অপদস্থ বা বিচ্ছিন্ন করার উদ্দেশ্যে সহপাঠীদের দল থেকে বাদ দেয়া;
- অবমাননাকর ভাষা ব্যবহার;
- শিক্ষার্থীর প্রকৃত বা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/ অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা বা ওজনের ভিত্তিতে অপমানজনক কৌতুক করা, গালি দেওয়া বা বিবৃতিসহ খিস্তি করা;
- অপরের জন্য মানহানিকর মন্তব্য ও প্রচলিত বুলিইংয়ের গ্রাফিতিসহ লিখিত অথবা গ্রাফিক সামগ্রী যা ইলেক্ট্রনিকভাবে প্রচার করা হয়েছে বা লেখা হয়েছে বা মুদ্রিত হয়েছে;

- অপরকে ক্ষতি করার হুমকি দেয় এমন মৌখিত অথবা শারীরিক আচরণ;
- হেজিং; এবং
- শিক্ষার্থীর প্রকৃত বা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গপরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা বা ওজনের ভিত্তিতে উদ্দেশ্যমূলকভাবে নাম দেওয়া, নামের ভুল উচ্চারণ করা বা এমন কোন সর্বনাম ব্যবহার করা যা বৈষম্যকরণ, হয়রানি, বুলি, কিংবা ভয়ভীতি প্রদর্শন করে,

## II. রিপোর্ট করার প্রক্রিয়া

A. এই প্রবিধানে "রিপোর্ট" শব্দটি ব্যবহৃত হয়েছে ভুক্তভোগী ব্যক্তি বা অন্যের (যেমন স্টাফ, পিতামাতা, অন্য শিক্ষার্থী) দ্বারা শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর বৈষম্যকরণ, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলি করার জন্য রিপোর্ট করা।

B. সকল প্রিন্সিপ্যালকে অবশ্যই স্টাফদের মধ্য থেকে কমপক্ষে একজনকে (1) রেসপেক্ট ফর অল লিঁয়াজো ("RFA লিয়াজোঁ") হিসেবে দায়িত্ব দিতে হবে যার কাছে রিপোর্ট করা যাবে এবং যিনি শিক্ষার্থী ও স্টাফদের তথ্যসূত্র হিসেবে কাজ করবেন। RFA লিয়াজোঁ অবশ্যই একজন লাইসেন্সধারী প্রশাসক, সুপারভাইজর, টিচার, গাইডেন্স কাউন্সেলর, স্কুল সাইকোলজিস্ট, অথবা সোশ্যাল ওয়ার্কার হবেন যিনি স্কুলে পূর্ণ-কালীন (ফুল-টাইম) কাজ করবেন।

1. সব সময়ের জন্য স্কুলে কমপক্ষে একজন (1) RFA লিয়াজোঁ থাকতে হবে যিনি সেকশন V.E-F-এ নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করেছেন। যে ক্ষেত্রে RFA লিয়াজোঁ-এর নিযুক্তি মেয়াদোত্তীর্ণ হবে, প্রিন্সিপ্যালকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে একজন লিয়াজোঁ অবশ্যই নিয়োগ দেওয়া হয়েছে এবং তিরি (30) দিনের মধ্যে তিনি প্রশিক্ষণ নিয়েছেন। অন্তর্বর্তীকালে, প্রিন্সিপ্যাল অবশ্যই একজন অন্তর্বর্তী RFA লিয়াজোঁ নিযোগ দেবেন।

2. যদি একজন নিয়োজিত অস্থায়ী RFA লিয়াজোঁ যদি বাড়তি সময়ের জন্য স্কুলে তার দায়িত্ব পালনে অক্ষম হন, এবং সেখানে যদি অতিরিক্ত কোন RFA না থাকেন, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই RFA লিয়াজোঁ ফিরে না আসা অবধি কাজ চালিয়ে যাওয়ার জন্য একজন অন্তর্বর্তী RFA লিয়াজোঁ নিযোগ দেবেন।

C. যেকোন কর্মী সদস্য যিনি শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীর প্রতি বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং বুলিইংয়ের ঘটনা দেখেছেন বা জানেন তিনি একজন শিক্ষার্থী আরেকজন শিক্ষার্থী কর্তৃক এধরনের আচরণের শিকার হয়ে থাকতে পারে জানার পর দ্রুত এক (1) স্কুল দিবসের মধ্যে কথিত ঘটনাটি RFA লিয়াজোঁ(গণ)-কে অথবা প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করা এবং মৌখিক রিপোর্টের দুই (2) স্কুলদিবসের মধ্যে RFA লিয়াজোঁ বা প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির কাছে ঘটনার বর্ণনা দিয়ে 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-832-reporting-

form.pdf?sfvrsn=43ca4491_6 ওয়েবপেজে) জমা দেওয়া। প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যেন 'কম্প্লেইন্ট রিপোর্ট করার ফর্ম' (অভিযোগসমূহ রিপোর্টিংয়ের হার্ড কপি) (যা পাওয়া যাবে https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/a-832-reporting-form.pdf?sfvrsn=43ca4491_6 ওয়েবসাইটে) তাৎক্ষণিকভাবে লভ্য থাকে।

D. একজন কর্মচারী যিনি উপরের সেকশন II.C অনুযায়ী একটি রিপোর্ট করতে ব্যর্থ হন, তাকে শৃঙ্খলাবিধানমূলক প্রক্রিয়ার মোকাবেলা করতে হতে পারে, যাতে অন্তর্ভুক্ত হতে পারে পদচ্যুতি, বাধ্যতামূলক প্রশিক্ষণ, এবং/অথবা অপর কোনো যথাযথ পরবর্তি পরবর্তী পদক্ষেপ।

E. শিক্ষার্থী, পিতামাতা এবং স্টাফ ছাড়া অপর ব্যক্তিগণ শিক্ষার্থীর-প্রতি-শিক্ষার্থীর বৈষম্যকরণ, হয়রানি, হুমকি এবং/অথবা বুলি করা বিষয়ে টাইটেল IX কোঅর্ডিনেটরকে অবহিত করে (নিচে সেকশন IX-এ তালিকাভুক্ত তথ্যের মাধ্যমে ফোনে, ইমেইলে, কিংবা সশরীরে গিয়ে) প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি, লিয়াজোঁ বা অপর কোনো স্কুল স্টাফের কাছে অভিযোগ জানাতে পারবেন মৌখিক বা লিখিতভাবে, যার অন্তর্ভুক্ত আছে অভিযোগ/রিপোর্ট করার ফর্ম (এটি পাওয়া যাবে https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/student-complaint-reporting-form ওয়েবপেজ-এ), অথবা অনলাইন পোর্টাল ব্যবহার করে (যা পাওয়া যাবে https://www.nycenet.edu/bullyingreporting ওয়েবপেজ-এ)।

F. যেসব শিক্ষার্থী বিশ্বাস করে যে, তারা অন্য শিক্ষার্থীদের দ্বারা বৈষম্য, হয়রানি, ভয়-ভীতি এবং/অথবা বুলির শিকার হয়েছে, অথবা যে শিক্ষার্থী এধরনের ঘটনা ঘটতে দেখেছে বা তার কাছে এ ধরনের ঘটনা সম্পর্কিত তথ্য আছে, তাকে ঘটনার কথা জানাতে হবে।

G. যদি কোন শিক্ষার্থীর বা পিতামাতার স্কুলে রিপোর্ট করা নিয়ে উদ্বেগ থাকে, তাহলে সে শিক্ষার্থী/পিতামাতা অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট ("OSYD")-এর সাথে ইমেইলে RespectforAll@schools.nyc.gov ঠিকানায় রিপোর্টটি পাঠাতে পারবেন। যেসব ক্ষেত্রে এটি যথাযথ হতে পারে তার কয়েকটি উদাহরণ: শিক্ষার্থী/পিতামাতা যদি নিশ্চিত না হয় আচরণটি এই প্রবিধানের আওতায় পড়ে কিনা; যদি শিক্ষার্থী/পিতামাতা ইতোপূর্বে অভিযোগ করে থাকে এবং আচরণ অব্যাহত থাকে; অথবা যদি শিক্ষার্থী/পিতামাতা বিষয়টি প্রকাশের সম্ভাব্য প্রতিক্রিয়া সম্পর্কে উদ্বিগ্ন হয়। এরকম পরিস্থিতিতে, OSYD এই প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ যথাযথ পরবর্তী পদক্ষেপ নির্ধারণ করবে।

H. শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মী ব্যতীত অন্য ব্যক্তিগণ অজ্ঞাতনামা হিসেবে রিপোর্ট করতে পারেন, এবং এ ধরনের রিপোর্ট এই প্রবিধানে বেঁধে দেওয়া প্রক্রিয়া অনুসারে সেসব রিপোর্টের তদন্ত হবে এবং যতটা সম্ভব অজ্ঞাতনামান ব্যক্তির কাছ থেকে তথ্য পাওয়া গেছে বলে গৃহীত হবে।

I. RFA লিয়াজোঁকে অবশ্যই অবিলম্বে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে প্রাপ্ত সকল রিপোর্টের বিষয়ে জানাতে হবে।

J. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে সকল লিখিত রিপোর্ট (যেমন ইমেইল, 'কমপ্লেইন্ট রিপোর্টিং ফর্ম' ব্যবহার করে রিপোর্ট অবশ্যই স্কুলের ফাইলে সংরক্ষিত থাকবে।

K. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল রিপোর্ট DOE-এর অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম-এ ("OORS") রিপোর্ট পাওয়ার এক (1) স্কুল দিবসের মধ্যে লিপিবদ্ধ করতে এবং সেকশন III অনুযায়ী দ্রুত তদন্ত করতে হবে।

L. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যখনই কোনো রিপোর্ট পান, তাকে ক্ষতিগ্রস্ত ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদেরকে অভিযোগের ঘটনা সম্পর্কে অবশ্যই পরামর্শ দিতে হবে, এবং অবশ্যই তাদেরকে এ পরামর্শ দিতে হবে যে, ঘটনার তদন্ত করা হবে, এবং এ ব্যাপারে যে যথাযথ সহায়তা ও হস্তক্ষেপের ব্যবস্থা রয়েছে, সেটাও জানাতে হবে। অনুরোধসাপেক্ষে, প্রবিধানের অনুলিপি ও প্রাসঙ্গিক তথ্য-উপকরণ (যা পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all/respect-for-all-handouts ওয়েবপেজ-এ) পিতামাতাদের কাজে ইলেক্ট্রনিকভাবে এবং পিতামাতাদের যদি ইলেক্ট্রনিক সংস্করণ পাওয়ার সুযোগ না থাকে, তাহলে কাগজে ছাপা অনুলিপি লভ্য রাখতে হবে। এই ধরনের নোটিফিকেশনগুলোকে অবশ্যই তাৎক্ষণিকভাবে করতে হবে কিন্তু প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক রিপোর্ট লাভের দুই (2) স্কুল দিবসের মধ্যে করতে হবে। যদি কথিত ক্ষতিগ্রস্ত প্রিন্সিপ্যাল/তার স্থলাভিষিক্তকে এ ধরনের অবহিতকরণের ব্যাপারে সুরক্ষা সম্পর্কিত উদ্বেগের কথা জানায়, তাহলে প্রিন্সিপ্যাল/তার স্থলাভিষিক্ত গোপনীয়তা ও সুরক্ষা সমস্যা বিবেচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেবেন বিষয়টি কথিত অভিযুক্তের পিতামাতাদেরকে অবহিত করা হবে কিনা। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি এই সিদ্ধান্ত নিতে গিয়ে তার সিনিয়র ফিল্ড কাউন্সেল, এবং লিঙ্গভিত্তিক আচরণের জন্য টাইটেল IX কোঅর্ডিনেটর বা টাইটেল IX লিয়াজোঁ-এর সাথে আলোচনা করতে পারেন।

M. যেখানে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তি বিশ্বাস করেন যে কথিত আচরণ অপরাধমূলক কর্মকাণ্ডের আওতায় পড়ে, সেখানে তাকে অবশ্যই পুলিশের সঙ্গে যোগাযোগ করতে হবে (দেখুন চ্যান্সেলরের প্রবিধান A-412, https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-412-security-in-the-schools-english)। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি তাদের সিনিয়র ফিল্ড কাউন্সেল এবং/অথবা বরো সেফটি ডিরেক্টর ডিরেক্টর-এর সাথে পরামর্শ করতে পারেন।

N. রিপোর্টটি যদি অভিযোগের গুরুত্বের নিরিখে স্কুল পর্যায়ে তদন্ত করা সম্ভব না হয়, তাহলে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে OSYD সঙ্গে পরামর্শ করতে হবে।

## III. তদন্ত

A. সকল রিপোর্টের তদন্ত করতে হবে। সকল পক্ষ ও সাক্ষীদেরকে অবশ্যই আলাদাভাবে সাক্ষাৎকার নিতে হবে, তদন্তের কোনো নোট থাকলে সেগুলো, এবং প্রতিটি সাক্ষাৎকারের তারিখসহ নথি থাকলে তা সংরক্ষণ করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই বাস্তবিকপক্ষে যতটুকু সম্ভব দ্রুত নিম্নলিখিত সুনির্দিষ্ট তদন্তের পদক্ষেপ গ্রহণ করতে হবে, তবে তা রিপোর্ট করার পাঁচ (5) স্কুল দিবসের পরে হতে পারবে না;

1. ঘটনায় কথিত ক্ষতিগ্রস্ত ব্যক্তির সাক্ষাৎকার;

2. কথিত ক্ষতিগ্রস্তকে বলবেন একটি লিখিত বিবৃতি তৈরি করতে যেখানে যত বেশি সম্ভব খুঁটিনাটি বর্ণনা থাকে, যার মধ্যে রয়েছে আচরণের বিবরণ, কখন এবং কোথায় ঘটনাটি ঘটেছে এবং কে দেখে থাকতে পারেন;

3. অভিযুক্ত শিক্ষার্থীকে ইন্টারভ্যু করবেন এবং ঘটনাটি ঘটে থাকলে, তাকে পরামর্শ দেবেন অবিলম্বে এধরনের আচরণ বন্ধ করতে;

4. অভিযুক্ত শিক্ষার্থীকে একটি লিখিত বিবৃতি তৈরি করতে বলবেন;

5. কোন সাক্ষী থাকলে তাদের সাক্ষাৎকার নেবেন এবং তাদের লিখিত বিবৃতি প্রস্তুত করতে বলবেন; এবং

6. প্রাসঙ্গিক কোনো প্রমাণ থাকলে (যেমন ভিডিও পর্যবেক্ষণ বা অডিও রেকর্ডিং) সংগ্রহ করবেন। অসঙ্গত সাইবার-উপকরণ নিয়ন্ত্রণের জন্য প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই DOE-এর নির্দেশনা অনুসরণ করতে হবে এবং প্রয়োজনে তাদের বরো সেফটি ডিরেক্টর ও সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে পরামর্শ করতে হবে।

B. তদন্তের শেষে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সকল প্রমাণ পর্যালোচনা করতে হবে ও পর্যাপ্ত প্রমাণ দ্বারা অভিযোগের বস্তুনিষ্ঠতা নিশ্চিত করতে হবে (যেমন প্রমাণের মানসহ পক্ষসমূহ ও সাক্ষীদের বিশ্বাসযোগ্যতা সকল প্রমাণ পর্যালোচনার উপর ভিত্তি করে, কথিত ঘটনাটি সংঘটনের সম্ভাব্যতা বেশি কি-না)।

C. যদি অভিযোগ বস্তুনিষ্ঠ হয়, তাহলে আচরণটি এই প্রবিধান ভঙ্গ করেছে কি-না, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই সেটা নিশ্চিত করতে হবে। এটা নিশ্চিত করতে প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই আচরণটির পারিপার্শ্বিক পরিস্থিতিকে সম্পূর্ণরূপে মূল্যায়ন করতে হবে। প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে ব্যক্তিকে বিবেচনা করতে হবে কিছুসংখ্যক বিষয়কে, সেগুলোর মধ্যে নিম্নলিখিত বিষয়গুলো থাকতে পারে, তবে তা এগুলোতেই সীমিত নয়:

- সংশ্লিষ্ট পক্ষগুলোর বয়স;

- আচরণের ধরন, তীব্রতা ও পরিসর;
- আচরণের পৌনঃপুনিকতা ও স্থায়িত্বকাল;
- আচরণের সঙ্গে জড়িত ব্যক্তিদের সংখ্যা;
- কোন পরিস্থিতিতে আচরণটি সংঘটিত হয়েছে;
- আচরণটি কোথায় সংঘটিত হয়েছে;
- এই শিক্ষার্থীদের দ্বারা স্কুলে আর কোন ঘটনা সংঘটিত হযেছে কিনা;
- আপরণটি ক্ষতিগ্রস্ত পক্ষের উপস্থিতি, প্রাতিষ্ঠানিক সাফল্য বা পাঠ্যক্রমবহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণসহ লেখাপড়ায় নেতিবাচক প্রভাব রেখেছে কি-না;
- আচরণটি স্কুলে ক্ষতিগ্রস্ত পক্ষের আচরণ বা সামাজিক মেলামেশায় নেতিবাচক প্রভাব রেখেছে কি-না;
- ক্ষতিগ্রস্ত পক্ষের নিরাপত্তার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করা হয়েছে কি না; এবং
- ক্ষতিগ্রস্ত পক্ষের মানসিক, আবেগজনিত বা শারীরিক সুস্থতার উপর প্রভাব পড়েছে কি-না।

D. তদন্ত শেষ হওয়ার পর প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিম্নলিখিত তথ্য OORS- লিপিবদ্ধ করতে হবে: তদন্তের ফলাফল; অভিযোগটি প্রমাণিত হয়েছে কিনা; এবং আচরণটি এই প্রবিধানের লঙ্ঘন কি-না, সে ব্যাপারে একটি সিদ্ধান্ত। এই তথ্য অবশ্যই পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া রিপোর্ট পাওয়ার দশ (10) স্কুল দিবসের মধ্যে OORS-এ লিপিবদ্ধ করতে হবে।

E. কোনো অভিযোগ প্রমাণিত কি-না এবং আচরণটির কারণে এ প্রবিধান লঙ্ঘিত হয়েছে কি-না, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই কথিত ঘটনার শিকার ও অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাদেরকে লিখিতভাবে তা জানাতে হবে। যদি কোনো অভিযোগ প্রমাণিত হয়ে থাকে, তাহলে এই বিজ্ঞপ্তিতে অবশ্যই বিষয়টি নিয়ে কথা বলার ও পরিবর্তিতে করণীয় পদক্ষেপ সম্পর্কে এবং সন্তানের জন্য কোনো হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা আছে কি-না, জানতে পিতামাতাদেরকে স্কুলের সাথে যোগাযোগ করার সুপারিশ থাকতে হবে। পিতামাতাদেরকে অবশ্যই পরিস্থিতির কারণে অপারগতা ছাড়া রিপোর্ট পাওয়ার দশ (10) স্কুল দিবসের মধ্যে বিষয়টি জানাতে হবে। সেকশন II.K-এর সাথে সামঞ্জস্য রেখে কথিত শিকার যে শিক্ষার্থী, যদি তার পিতামাতাদেরকে না জানানর কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে, তাহলে সেসব পিতামাতাদেরকে এই প্যারাগ্রাফে বর্ণিত তথ্যগুলি সম্পর্কে জানানো যাবে না। OORS রিপোর্টের একটি কপি অবশ্যই বরো/সিটিওয়াইড অফিস, ডিরেক্টর অভ স্টুডেন্ট সার্ভিসেস, এবং টাইটেল IX লিঙ্গ-ভিত্তিক আচরণ কোঅর্ডিনেটর-এর কাছে লভ্য রাখতে হবে।

F. সেকশন III.E-তে প্রতিষ্ঠিত তথ্য জানাতে হবে শিক্ষার্থীর রেকর্ডের তথ্যের গোপনীয়তা সংরক্ষণ বিষয়ক স্টেট ও ফেডারেল আইন অনুযায়ী। সুতরাং, কথিত ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীর সাথে সম্পর্কিত পরবর্তী পদক্ষেপ, হস্তক্ষেপ বা সহায়তা সম্পর্কে শুধু কথিত ক্ষতিগ্রস্ত পক্ষের পিতামাতাকে এবং অভিযুক্ত শিক্ষার্থীর সাথে সম্পর্কিত পরবর্তী পদক্ষেপ, হস্তক্ষেপ বা সহায়তা সম্পর্কে শুধু অভিযুক্ত শিক্ষার্থীর পিতামাতাকে জানানো হতে পারে।

G. তদন্ত শুরুর আগে বা তদন্ত চলাকালে যে কোনো সময় প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি যদি সিদ্ধান্ত নেন যে শিক্ষার্থীর (অভিযুক্ত শিকার শিক্ষার্থী ও সাক্ষীসহ) মঙ্গলের জন্য হস্তক্ষেপ ও সহায়তা তদন্তের চূড়ান্ত সমাপ্তির আগেই প্রয়োজন, তাহলে শিক্ষার্থীর পিতামাতাদেরকে অবশ্যই জানাতে হবে এবং সেকশন IV অনুযায়ী উপযুক্ত হস্তক্ষেপ ও সহায়তার ব্যবস্থা ডকুমেন্ট বাস্তবায়ন ও নজরদারি করতে, এবং প্রয়োজনে সংশোধন করতে হবে।

## IV. পরবর্তী পদক্ষেপ

A. আচরণটি বন্ধ হয়েছে, সেটা নিশ্চিত করার জন্য প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অবিলম্বে উদ্যোগ নিতে ও যথাযথ পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

B. সেকশন III অনুযায়ী তদন্ত শেষ হওয়া এবং সিদ্ধান্ত গ্রহণের পর, ভুক্তভোগী এবং অভিযুক্ত শিক্ষার্থী, এবং যথাযথ সাক্ষীদের ব্যাপারে হস্তক্ষেপ এবং সহায়তা অবশ্যই প্রদান করা হবে। এই ধরনের হস্তক্ষেপ এবং সহায়তার মূল্যায়ন অবশ্যই কেস-বাই-কেস ভিত্তিতে করা হবে এবং অবশ্যই যথোপযুক্তভাবে মনিটর এবং পরিমার্জন করা হবে। হস্তক্ষেপ ও সহায়তার মধ্যে নিম্নলিখিতগুলো অন্তর্ভুক্ত আছে, তবে নিচে তা সেগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- স্কুলের ভিতরে অথবা স্কুলের বাইরে মেডিকেল পরিষেবার রেফারাল;
- তত্ত্বাবধানমূলক (গাইডেন্স) হস্তক্ষেপ (যেমন স্কুলের সোশাল ওয়ার্কার, গাইডেন্স কাউন্সিলর, সাইকোলজিস্ট, কিংবা অন্য কোন যথাযথ স্কুল স্টাফের কাছে), কিংবা কোন কমিউনিটি-বেজড় এজেন্সির কাছে কাউন্সেলিং, সহায়তা, এবং/অথবা শিক্ষা বা মানসিক স্বাস্থ্য পরিষেবার জন্য সুপারিশ করে পাঠানো;
- প্রাতিষ্ঠানিক সহায়তা ও পরিবর্তন (যেমন ক্লাস, লাঞ্চ/অবকাশ কিংবা আফটার স্কুল প্রোগ্রামের সময়সূচি পরিবর্তন);
- একটি ইনডিভিজুয়াল সাপোর্ট প্ল্যান (ব্যক্তিক সহায়তা পরিকল্পনা) তৈরি করা (উল্লেখ করে যে, কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধানের দুই (2) বা অধিকসংখ্যক নীতিভঙ্গের শিকার এবং/অথবা কোনো শিক্ষার্থী যে একই স্কুল বছরে এই প্রবিধান দুই (2) বা অধিকবার লঙ্ঘন করেছে, তাদের জন্য একটি ব্যক্তিক সহায়তা পরিকল্পনাকে অবশ্যই তৈরি ও বাস্তবায়ন করতে হবে।)

সহায়তা এবং হস্তক্ষেপ সম্পর্কিত আরও বিস্তারিত তথ্য শৃঙ্খলা-বিধিতে পাওয়া যাবে। মধ্যস্থতা কিংবা দ্বন্দ্ব নিরসন- কোনটিই কোন অবস্থাতে একটি বুলিইং বা ভীতি-প্রদর্শনের উপযুক্ত হস্তক্ষেপ নয়। (আরও দেখুন চ্যান্সেলরের প্রবিধান A-101 (https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-101-bangla) এবং A-449 (https://www.schools.nyc.gov/docs/default-

source/default-document-library/a-449-3-9-2011-bengali) বদলি যথোপযুক্ত হলে যা বদলির নীতি ও কার্যপ্রণালীর নিয়ম প্রতিষ্ঠা করে)।

C. যদি স্কুল স্টাফ বিশ্বাস করেন যে একটি ঘটনার পরবর্তী পদক্ষেপ হিসেবে শিক্ষার্থী ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) বা সেকশন 504 পরিকল্পনা সংশোধন আবশ্যক, তাহলে তাদেরকে চ্যান্সেলরের প্রবিধান A-710 এবং (https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-710) ও স্পেশাল এডুকেশন স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর ম্যানুয়াল (SOPM, https://infohub.nyced.org/docs/default-source/default-document-library/specialeducationstandardoperatingproceduresmanualmarch.pdf?sfvrsn=4cdb05a0_2)-এ প্রতিষ্ঠিত নিয়ম অনুসরণ করতে হবে।

D. যেসব শিক্ষার্থী এ প্রবিধান ভঙ্গ করেছে বলে নির্ধারণ করা হয়েছে, সে ডিসিপ্লিন কোড-এর এবং চ্যান্সেলরের প্রবিধান A-443-তে (https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-443-3-5-04-english) বর্ণিত প্রক্রিয়া ও শর্তাবলি অনুযায়ী যথাযথ শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী হবে।

E. প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই পক্ষগুলো ও সাক্ষীদের প্রতি প্রদত্ত সকল হস্তক্ষেপ ও সহায়তা এবং নিষিদ্ধ আচরণে নিযুক্ত থাকার ফল হিসেবে শিক্ষার্থীর (শিক্ষার্থীদের) বিরূদ্ধে গৃহীত সকল শাস্তিমূলক পদক্ষেপগুলো সাসপেনশন অ্যান্ড অফিস অভ হিয়ারিংস্ অনলাইন সিস্টেম-এ ("SOHO") OORS-এর মাধ্যমে লিপিবদ্ধ করতে হবে।

V. **প্রতিরোধ, অবহিতকরণ ও প্রশিক্ষণ**

A. প্রতিটি স্কুলকে অবশ্যই দর্শনীয় স্থানে (সেসব স্থানে, যেখানে শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মচারীরা ভালভাবে দেখতে পান) "রেসপেক্ট ফর অল" পোস্টার (পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all/respect-for-all-handouts) ওয়েবপেজে) সেঁটে দিতে হবে। পোস্টারে অবশ্যই RFA লিয়াজোঁর(গণের) নাম থাকতে হবে। স্কুলগুলোকে সর্বোচ্চ প্রচেষ্টা নিয়োগ করতে হবে যাতে এই তথ্য শিক্ষা বছরে যত তাড়াতাড়ি সম্ভব সেঁটে দেওয়া যায়।

B. সবগুলো স্কুলকে অবশ্যই সকল স্কুল স্টাফ, পিতামাতা, এবং শিক্ষার্থীদের কাছে একটি রিপোর্ট করা , এবং স্কুলের বাইরে সহায়তালাভের জন্য স্কুলের বাইরে কার সাথে পিতামাতাদের যোগাযোগ করতে হবে, সেসব এই প্রবিধানে প্রতিষ্ঠিত প্রক্রিয়া ও নীতি চোখে পড়ার মতো উজ্জ্বল বর্ণে তৈরি করা OSYD-এর প্রস্তুতকৃত লিখিত উপকরণ হাতে হাতে বিলি করতে ও ইলেক্ট্রনিকভাবে লভ্য রাখতে হবে (যা পাওয়া যাবে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-

all/respect-for-all-handouts) ওয়েবপেজ-এ। স্কুলগুলোকে অবশ্যই এসব তথ্য স্কুলে ভর্তিরত পিতামাতা/শিক্ষার্থীদের কাছে স্কুল বছর ব্যাপী লভ্য রাখতে হবে।

C. প্রত্যেক প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে RFA লিয়াজোঁ-এর নাম ও যোগাযোগের তথ্য স্কুলের ওয়েবসাইটে অন্তর্ভুক্ত করা আছে এবং শিক্ষার্থী ও পিতামাতাদেরকে বছরে অন্তত একবার ইলেক্ট্রনিক যোগাযোগ মাধ্যমে, কিন্তু এতেই সীমিত নয়, শিক্ষার্থীর বাড়িতে পাঠিয়ে, কিংবা অন্য কোন প্রক্রিয়ায় জানানো হয়েছে। স্কুলগুলোকে সর্বোচ্চ প্রচেষ্টা নিয়োগ করতে হবে যাতে এই তথ্য শিক্ষা বছরে যত তাড়াতাড়ি সম্ভব সেঁটে দেওয়া যায়।

D. প্রত্যেক প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে শিক্ষার্থী এবং কর্মচারীদেরকে প্রত্যেক বছরের 31 অক্টোবরের মধ্যে এই প্রবিধানের নীতিমালা ও পদ্ধতিসমূহ সম্পর্কে OSYD প্রস্তুতকৃত তথ্য এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

E. প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই নিশ্চিত করবেন যে, নির্দেশনা কর্মচারী নন এমন ব্যক্তিসহ সকল কর্মচারীকে প্রত্যেক স্কুল বছরের 31 অক্টোবরের মধ্যে এই প্রবিধানের নীতিমালা ও পদ্ধতিসমূহ সম্পর্কে OSYD-এর প্রস্তুত করা তথ্য এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এধরনের ট্রেনিংয়ের বাধ্যতামূলক লক্ষ্য হবে:

1. শিক্ষার্থীদের প্রতি শিক্ষার্থীর প্রকৃত অথবা অনুমিত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা, অথবা ওজনের ভিত্তিতে, তবে এতেই সীমাবদ্ধ নয়, সম্ভাব্য বৈষম্য, হয়রানি এবং বুলিইংয়ের ব্যাপারে সচেতনতা ও সংবেদনশীলতা বৃদ্ধি;
2. বৈষম্যকরণ, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন, এবং বুলিইং শনাক্ত ও প্রশমন করা;
3. বৈষম্যকরণ, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন, এবং বুলিইং-এর সামাজিক বৈশিষ্ট;
4. বৈষম্য, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন বা বুলিইংয়ের ঘটনা নিবারণ ও প্রতিকার;
5. বৈষম্যকরণ, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন ও বুলিইং-এর প্রতিক্রিয়া অনুধাবন এবং শিক্ষা কাঠামোয় বিতাড়ন, পক্ষপাত ও আগ্রাসন সমস্যা কার্যকরভাবে দূর করার কৌশল; এবং
6. নিরাপদ এবং সহায়ক স্কুল পরিবেশকে উৎসাহিত করা, যার মধ্যে আছে ক্লাসরুমের কার্যক্রমে এ ধারণার সংযোজন।

F. প্রত্যেক প্রিন্সিপ্যালকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, সেকশন V.E-তে বর্ণিত স্কুল ট্রেনিং ছাড়াও অন্তত একজন (1) RFA লিয়াজোঁ OSYD প্রণীত বাধ্যতামূলক RFA প্রশিক্ষণ সম্পন্ন করেছেন যার প্রতিপাদ্য: 1) জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত, পরিচয় , নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পক্ষপাত, প্রতিবন্ধিতা এবং ওজন সম্পর্কিত মানবিক সম্পর্ক এবং 2) উপরের সেকশন V.E. বর্ণিত বিষয়সমূহ।

G. এই প্রবিধানের একটি কপি পিতামাতা, স্কুল কর্মী এবং শিক্ষার্থীদের জন্য অনুরোধসাপেক্ষে প্রদানের ব্যবস্থা থাকতে হবে।

## VI. সমন্বিত স্কুল ও যুব উন্নয়ন পরিকল্পনা

প্রত্যেক প্রিন্সিপ্যালকে অবশ্যই প্রতি স্কুল বছরের 31 অক্টোবরের মধ্যে নিম্নলিখিত তথ্য, এবং DOE কর্তৃক স্থির করা কোনো বাড়তি তথ্য থাকলে তা প্রতি শিক্ষা বছরের 31 অক্টোবরের মধ্যে স্কুলের বার্ষিক কনসোলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট প্ল্যান-এ দাখিল করতে হবে:

A. RFA লিয়াজোঁ(গণ) এর নাম। এ তথ্য অবশ্যই যথাযথভাবে হালনাগাদ করতে হবে।

B. প্রত্যয়নকৃত যে কমপক্ষে একজন (1) RFA লিয়াজোঁ উপরে সেকশন V.F.-এ বর্ণিত ট্রেনিং গ্রহণ করেছেন বা করবেন।

C. এই মর্মে প্রত্যয়ন যে শিক্ষার্থীদের এই প্রবিধানের সেকশন V.D-তে প্রতিষ্ঠিত নিয়মে নীতিমালা এবং পদ্ধতি সম্পর্কে তথ্য ও প্রশিক্ষণ দেয়া হয়েছে;

D. প্রত্যয়ন যে শিক্ষানির্দেশনামূলক নয় এমন কর্মচারীসহ সব কর্মচারীকে এই প্রবিধানের নীতিমালা এবং পদ্ধতি সম্পর্কে সেকশন V.E তে বর্ণিত তথ্য ও প্রশিক্ষণ দেয়া হয়েছে;

E. আলোচ্যসূচি, সই করা উপস্থিতি তালিকা এবং সেকশন V.E অনুযায়ী বার্ষিক বাধ্যতামূলক স্টাফ প্রশিক্ষণ উপকরণের একটি কপি স্কুলের ফাইলে সংরক্ষিত আছে, সেটা নিশ্চিত করা; এবং

F. পক্ষপাতমূলক হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা মাস্তানি নিরোধ এবং সমাধানের একটি প্ল্যান।

## Vll. গোপনীয়তা

DOE-এর নীতি হচ্ছে এই প্রবিধানের আওতায় সকল পক্ষ এবং সাক্ষী প্রদত্ত রিপোর্টসমূহের গোপনীয়তা রক্ষা করা। তবে, পুলিশি তদন্তে সহযোগিতা করার বাধ্যবাধকতার বিপরীতে এবং/অথবা তদন্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, এবং/অথবা তদন্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অথবা অভিযোগ মীমাংসার উদ্দেশ্যে সহায়তা ও হস্তক্ষেপ প্রদানসহ এই গোপনীয়তাকে অবশ্যই সুসমঞ্জসপূর্ণ হতে হবে। সুতরাং, রিপোর্ট সংক্রান্ত তথ্য এই প্রবিধানের অধীন তথ্য যথাযথ পরিস্থিতি কিংবা আইনি বাধ্যবাধকতা অনুযায়ী কিংবা যখন কোনো শিক্ষার্থীর নিরাপত্তা বা স্বাস্থ্যগত ঝুঁকির কারণে আবশ্যক হয়, তখন প্রকাশ করা হতে পারে।

## VIII. বিকল্প অভিযোগ পদ্ধতি

এসব অভ্যন্তরীণ প্রক্রিয়া একজন ব্যক্তির অন্য উপায়ে সাহায্য লাভের অধিকার খর্ব করে না, যার অন্তর্গত নিচে উল্লিখিত কোন বহিরাগত সংস্থায় অভিযোগ দায়ের করা:

Office for Civil Rights

New York Office

32 Old Slip, 26th Floor

New York, NY 10005-2500

ফোন: (646) 428-3800

ফ্যাক্স: (646) 428-3843

ইমেইল: OCR.NewYork@ed.gov

http://www.ed.gov/ocr

## IX. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of School and Youth Development
NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন
52 Chambers Street – Room 218
New York, NY 10007
ফোন: (212) 374-6807
ফ্যাক্স: (212) 374-5751
ইমেইল: RespectForAll@schools.nyc.gov

*টাইটেল IX কোঅর্ডিনেটর*
65 Court Street – Room 200
Brooklyn, NY 11201
ইমেইল: Title_IX_Inquiries@schools.nyc.gov
ফোন: 718-935-4987